2018

PG Even Semester (CBCS) Exam., May—2018

BENGALI

(2nd Semester)

Course No. : BNGCC–201

(বাংলা গদ্যসাহিত্য—১)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে প্রশ্ন নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও

ক—গুচ্ছ

১। 'কৃষ্ণচরিত্র' গ্রন্থটির প্রকাশকাল কত? এটি প্রথম কোন্ পত্রিকায় প্রকাশিত হয়? এই পত্রিকার সম্পাদক হিসেবে লেখকের কার্যকাল নির্দেশ করো। ''চিন্তা ও মনন-সমৃদ্ধ গদ্যকে শিল্পী-হৃদয়ের সান্নিধ্যে নিবিষ্ট করে সাহিত্যিক স্বাদুতা সৃষ্টিতে বঙ্কিমচন্দ্রের সাফল্য প্রশ্নাতীত।'' 'কৃষ্ণচরিত্র' অবলম্বনে মন্তব্যটির মূল্যায়ন করো। ১+১+২+১০=১৪

২। ''এ গ্রন্থে আমি তাঁহার কেবল মানবচরিত্রেরই সমালোচনা করিব।'' গ্রন্থটির নাম কী? 'তাঁহার' সর্বনামে কার কথা বলা হয়েছে? এই মানবচরিত্র ব্যাখ্যার উদ্দেশ্য ও পদ্ধতি বিষয়ে লেখকের লেখা 'উপক্রমণিকা' অবলম্বনে আলোচনা করো। ১+১+৫+৭=১৪

খ—গুচ্ছ

৩। আত্মজীবনী ও দিনলিপির মধ্যে পার্থক্য কোথায়, উদাহরণ সহযোগে বুঝিয়ে দাও। বিনোদিনী দাসীর পাঠ্য-রচনাটি তাঁর সাহিত্যিক প্রতিভার স্বাক্ষরবাহী। আলোচনা করো। ৬+৮=১৪

৪। বিনোদিনীর খণ্ড ও পূর্ণাঙ্গ আত্মজীবনীগুলির নাম লেখো। একদিকে রঙ্গালয়ের কথা, রঙ্গনটীর অবস্থানের কথা, অন্যদিকে প্রতারিত জীবনের বঞ্চনা ও ব্যথার প্রসঙ্গ বারবার ঘুরে ফিরে এসেছে বিনোদিনীর আত্মকথায়।'' 'আমার কথা' অবলম্বনে বিষয়টি আলোচনা করো। ৩+১১=১৪

গ—গুচ্ছ

৫। প্রমথ চৌধুরী সম্পাদিত সাময়িকপত্রটির নাম কী? 'জয়দেব' প্রবন্ধটি কত সালে প্রকাশিত হয়? 'জয়দেব' এবং 'ভারতচন্দ্র' প্রবন্ধ দুটিতে ভাষা এবং কাব্যবিচার প্রসঙ্গে আলোচনা প্রাবন্ধিক প্রমথ চৌধুরীর স্বাতন্ত্র্যকেই প্রতিষ্ঠিত করে। আলোচনা করো। ১+১+১২=১৪

৬। প্রমথ চৌধুরীর ছদ্মনাম কী? পঠিত প্রবন্ধ অবলম্বনে প্রমথ চৌধুরীর রচনাশৈলীর বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। ১+১৩=১৪

ঘ—গুচ্ছ

৭। 'কৃপার শাস্ত্রের অর্থভেদ' বইটি কার লেখা? বৈদিক ভাষায় 'কৃষ্টি' বলতে কি বোঝানো হত? বিভিন্ন জাতির সাংস্কৃতিক সমন্বয়ের ফলে উত্তর ভারতে কীভাবে 'ভারতীয়' জনগণের উদ্ভব হল, সে সম্পর্কে আলোচনা করো। ১+১+১২=১৪

৮। 'টোটেমিক সমাজ' বলতে কি বোঝ? মানবসভ্যতার কোন্ পর্বকে গোপাল হালদার 'আদিম সাম্যতন্ত্র' বলে অভিহিত করেছেন, কেন? নব্যপ্রস্তর যুগে আদিম সাম্যতন্ত্র ভেঙে যাবার মূল কারণ কি ছিল? ৫+৪+৫=১৪

ঙ—গুচ্ছ

৯। শিবনারায়ণ রায়-এর দুটি প্রবন্ধগ্রন্থের নাম লেখো। শেক্সপীয়রের নাটক আলোচনায় সামগ্রিকভাবে প্রাবন্ধিক যে মুন্সিয়ানার পরিচয় দিয়েছেন তার পরিচয় দাও। ২+১২=১৪

১০। 'সংশপ্তক' কার লেখা? প্রাবন্ধিক শিবনারায়ণ রায় বাংলাদেশের কথাসাহিত্যের আলোচনায় যে নতুন দিগন্ত উন্মোচন করেছেন, সে বিষয়ে আলোচনা করো। ১+১৩=১৪

★★★